

ঢাকা বিশ্ববিদ্যালয়

শিক্ষা কার্যক্রমে এডিবি'র  
সাহায্য নিয়ে আলোচনা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বেসরকারী শিক্ষা সাহায্য  
তহবিলের ভাইস প্রেসিডেন্ট  
এ্যাট্রিয়ানো এ আর্কেনো এবং এশীয়  
উন্নয়ন ব্যাংকের (এডিবি) উপদেষ্টা  
জীব পি, লালোন্দা গতকাল সোমবার  
ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক  
এম মনিরুজ্জামান মিত্রের সাথে তার  
অফিসে সাক্ষাৎ করেন।

তারা এডিবি'র সহায়তায় ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা  
ইনস্টিটিউটে উচ্চ মাধ্যমিক পর্যায়ের  
শিক্ষকদের জন্য একটি শিক্ষা কার্যক্রম  
সম্পর্কে আলোচনা করেন। এই কর্মসূচী  
পরিচালনার জন্য যে অতিরিক্ত অর্থের  
প্রয়োজন এডিবি তা বহন করবে।

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের  
পরিচালক অধ্যাপিকা হালিমা খাতুন,  
ইনস্টিটিউটের অধ্যাপক ডঃ এ, এইচ  
আবদুল লতিফ, ডঃ এ করিম এবং ডঃ  
জহিরুল হক ভূইয়া সেখানে উপস্থিত  
ছিলেন।